ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০।
pbs2.dhaka.gov.bd

নম্বর: ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৩.৪৯৮

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

**দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।**

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে “নিরাপত্তা কর্মী” নিয়োগের নিমিত্ত দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) “নিরাপত্তা কর্মী” পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | **নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরী ভিত্তিতে) ০৫ (পাঁচ) টি (পুরুষদের জন্য সংরক্ষিত)** | ২৩/০২/২০২৩ খ্রিঃ বয়স সীমা নূন্যতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা | ক) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। গ) প্রর্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঢাকা পবিস-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী অর্থাৎ ঢাকা জেলার নবাবগঞ্জ ও দোহার উপজেলা, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার শায়েস্তা ইউনিয়ন ও হরিরামপুর উপজেলার ধুলশুরা ইউনিয়ন, মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাড়ৈখালী ইউনিয়ন এবং ফরিদপুর জেলার সদরপুর উপজেলার নাারিকেলবাড়ীয়া ইউনিয়নের যোগ্যতা সম্পন্ন শুধু মাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট ((pbs2.dhaka.gov.bd)) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে (A4 সাইজ) টাইপকৃত, সরাসরি হাতে হাতে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে;

**০২। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ**

**(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।**

**(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।**

**(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রসংসাপত্র গ্রহণযোগ্য নহে)।**

**(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগারিকত্ব সনদ।**

**(ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।**

**সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।**

০৩) নির্বাচিত প্রার্থীকে দৈনিক (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন

০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে;

০৪) যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না;

০৫) অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে;

০৬) প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল হবে।

০৭) **এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন ‘‘ দৈনিক মজুরী’’ ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।**

০৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতির কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯) নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০) পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে ;

১১) প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে;

১২) অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

১৩) অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে সংশ্লিষ্ট পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৪) প্রার্থীকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষে নিরাপত্তা কর্মী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১৫) অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে;

১৬) যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭) বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৮) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত
বলে গণ্য হবে।

১১-২-২০২৩
মোঃ মজিবুর রহমান
সিনিয়র জেনারেল ম্যানেজার
ফোন: 07765242
ইমেইল: dhakapbs2@gmail.com

নম্বর: ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৩.৪৯৮/১(৯২)

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। (সদয় অবগতি ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা জন্য অনুরোধসহ)।
৪) সকল পল্লী বিদ্যুৎ সমিতি
৫) ডিজিএম, দোহার জোনাল অফিস/, সদর-কারিগরী, ঢাকা পবিস-২।
৬) এজিএম(অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস) ঢাকা পবিস-২।
৭) এজিএম (ওএন্ডএম), বান্দুরা, নারিশা সাব জোনাল অফিস, ঢাকা পবিস-২।
৮) এজিএম (আইটি), আইটি বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২।(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশনাসহ)।
৯) অফিস/মাস্টার কপি।
১০) বহির্বিভাগীয় অনুলিপিঃ (সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) । ক) উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ/দোহার, ঢাকা। খ) মেয়র, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।

১১-২-২০২৩
মোঃ জসিম উদ্দিন
এজিএম (এইচআর)

ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১, তারিখ:-২৯-০৪-২০১৫ খ্রিঃ

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই)"
লোকবল নিয়োগ ও প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
নবাবগঞ্জ, ঢাকা।

১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৩.৪৯৮ **তারিখঃ- ০৯/০২/২০২৩ খ্রিঃ**

২. আবেদনকৃত পদের নামঃ ........................................................ ৩. পদের ধরণঃ ................................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.................................................... ....................................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ........................................................ ৫. প্রকাশনার তারিখ ........................................................

৬. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়) ........................................................ (ইংরেজীতে বড় হাতের অক্ষরে) ........../........./................(দিন/মাস/বছর)

৭. জন্ম তারিখ (........ পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী) .................................................... ৮. বয়স (২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখে) ....................................................

৯. মাতার নাম .................................................... ১০. পিতার নাম ....................................................

১১. ধর্ম ১২. জাতীয়তা ....................................................

১৩. নিজ জেলা ........................................................

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা : (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধী ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................................... .................................... .................................... ....................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

নবাবগঞ্জ, ঢাকা -১৩

**১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:**

| ................................ | ................................ | ...................................... | ................................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

**১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**২০. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্যক্ষেত্রে):**

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

| ........................................ | ..................................... |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
নবাবগঞ্জ, ঢাকা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ/রচনামুলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বরঃ.......................................................

পরীক্ষার তারিখঃ ..........................................................

পরীক্ষার সময়ঃ ...........................................................

পরীক্ষার কেন্দ্রের নামঃ....................................................

পরীক্ষার ঠিকানাঃ...........................................................

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

পদের নামঃ .................................................................

প্রার্থীর নামঃ ...............................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ

.............................................................................................

.............................................................................................

.............................................................................................

ঢাকা পল্লী বিদ্যুৎ ...
নবাবগঞ্জ, ঢাকা -১৩২...

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর ঢাকা পবিস-২ কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

----------------------------------